সাংবাদিক রোজিনাকে আটকের

প্রতিবাদ এবং মুক্তির দাবিতে কালীগঞ্জে মানববন্ধন

দৈনিক প্রথম আলোর জ্যেষ্ঠ প্রতিবেদক রোজিনা ইসলামকে সচিবালয়ে আটকে রেখে হেনস্থা ও আটকের প্রতিবাদ এবং নিঃশর্ত মুক্তির দাবিতে ঝিনাইদহের কালীগঞ্জে মানবন্ধন করেছে কর্মরত সাংবাদিকরা। এ ছাড়াও বিভিন্ন মানবাধিকার সংগঠন ও বিভিন্ন শ্রেণীপেশার মানুষ মানববন্ধনে অংশগ্রহণ করেন।

বুধবার সকাল ১০ টায় কালীগঞ্জ মেইন বাসস্ট্যান্ড এলাকায় মানববন্ধন কর্মসূচি পালন করে কর্মরত সকল সাংবাদিকরা।

ঘন্টাব্যাপী এ মানববন্ধনে বক্তব্য রাখেন মানবাধিকার কর্মী শিবুপদ বিশ্বাস, দৈনিক প্রথম আলোর নিজস্ব প্রতিবেদক আজাদ রহমান,দিনকালের জাকারিয়া হোসেন, মাইটিভির মিঠু মালিথা, আরটিভির শিপলু জামান, সমকালের প্রতিনিধি জামির হোসেন, লোকসমাজের শাহাজান আলী সাজু প্রমুখ।

মানববন্ধনে বক্তারা বলেন, সাংবাদিক রোজিনা ইসলামের বিরুদ্ধে দায়ের করা মামলা অবশ্যই প্রত্যাহার করতে হবে। সেই সঙ্গে নির্যাতনে জড়িতদের বিচারের আওতায় আনার দাবি জানান তারা।

সাংবাদিক রোজিনার মুক্তির দাবীতে ঝিনাইদহে মানববন্ধন

আর্ন্তজাতিক পুরস্কার প্রাপ্ত বাংলাদেশী নারী সাংবাদিক রোজিনা ইসলামের নিঃশর্ত মুক্তির দাবীতে ঝিনাইদহ শহরে মানববন্ধন কর্মসুচি পালিত হয়। মঙ্গলবার বিকাল ৫টার দিকে শহরের পোষ্ট অফিস মোড়ে প্রথম আলো বন্ধুসভা এ কর্মসুচির আয়োজন করে।

ঘন্টাব্যাপী আয়োজিত এই মানববন্ধন কর্মসুচিতে ঝিনাইদহে কর্মরত সাংবাদিক, মানবাধিকার কর্মী, রাজনৈতিক ও সামাজিক সাংস্কৃতিক সংগঠনের নেতৃবৃন্দ অংশ গ্রহন করেন।

মানববন্ধন কর্মসুচি শেষে এক প্রতিবাদ সভায় বক্তাগন বলেন, গ্রেফতার আর জেল বন্দি করে লেখার স্বাধীনতা স্তব্ধ করা যাবে না। প্রতিবাদকারীদের ভাষায় বাংলাদেশে হুইসল ব্লোয়ার্স আইন অনুযায়ী কেউ দুর্নীতি বিষয়ে তথ্য প্রকাশ করলে তাকে পুরস্কৃত করার কথা। অথচ সাংবাদিক রোজিনার ক্ষেত্রে ঘটেছে ঠিক উল্টোটা।

রোজিনা রাষ্ট্রের কর্মচারীদের দুর্নীতি ঠেকাতে সরকারকে সহায়তা করছিলেন। কিন্তু তাকে প্রটেকশন না দিয়ে চোরদের পক্ষাবলম্বন করা দুঃখজনক।

বাড়ী ফিরলো ঝিনাইদহে কোয়ারেন্টাইনে থাকা ৮৬ জন ভারত ফেরত যাত্রী

১৪ দিন বাধ্যতামুলক কোয়ারেন্টাইন শেষে বাড়ী ফিরল ৮৬ জন ভারত ফেরত যাত্রী। মঙ্গলবার সকালে শহরের পিটিআই হোস্টেল প্রাঙ্গণে তাদের পাসপোর্ট ও করোনার নেগেটিভ ফলাফল দেওয়া হয়।
ঝিনাইদহের জেলা প্রশাসক মজিবর রহমান জানান, গত ৩ ও ৪ মে যশোরের বেনাপোল সীমান্ত দিয়ে আসা ১৬৭ জন যাত্রীকে ঝিনাইদহ শহরের পিটিআই ও এইড কমপ্লেক্সে বাধ্যতামুলক কোয়ারেন্টাইনে রাখা হয়। ১৪ দিন জেলা প্রশাসনের তত্বাবধানে তারা কোয়ারেন্টাইনে ছিল।
সোমবার বিকেলে তাদের করোনার নমুনা সংগ্রহ করা হয়। সন্ধ্যার পর নমুনা পরীক্ষায় ফলাফল নেগেটিভ আসায় মঙ্গলবার তাদের ছাড়পত্র দেওয়া হয়েছে। তাদের বাড়ি, ঢাকা, চট্টগ্রাম, নোয়াখালী, পটুয়াখালীসহ দেশের বিভিন্ন স্থানে। জেলা প্রশাসক আরও জানান, গত সোমবার ২৩ জনকে ছাড়পত্র দেওয়া হয়। এছাড়াও ১৪ দিন কোয়ারেন্টাইন শেষে ৪ জনের করোনা পজেটিভ আসায় তাদের ঝিনাইদহ সদর হাসপাতালের করোনা ইউনিটে ভর্তি করা হয়েছে।

সংঘর্ষে ব্যবসায়ীর মৃত্যু- আহত ১

ঝিনাইদহের কোটচাঁদপুরে দুই মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে আব্দুর রাজ্জাক (৪০) নামে এক ব্যবসায়ীর মুত্যু হয়েছে। এঘটনায় সিফাত হোসেন (২০) নামে এক শিক্ষার্থী আহত হয়েছেন।

মঙ্গলবার বেলা সাড়ে ৩ টার দিকে উপজেলার ফুলবাড়ী সমাজ কল্যাণ এলাকায় এদূর্ঘটনা ঘটে।
স্থানীয় সূত্রে জানাযায়, মঙ্গলবার দুপুরে উপজেলার আলোকদিয়া গ্রামের মৃত আব্দুল করিমের ছেলে ভূষিমাল ব্যবসায়ী আব্দুর রাজ্জাক কোটচাঁদপুর শহর থেকে বাড়ী ফিরছিলেন। এসময় বিপরীত দিক থেকে দ্রুত গতিতে আসা মোটরসাইকেল আরোহী একই এলাকার সাইদুর রহমানের ছেলে সিফাতের সঙ্গে সংঘর্ষ হয়।

দূর্ঘটনায় দুই মোটরসাইকেল আরোহী গুরতর আহত হয়। স্থানীয়রা তাদেরকে উদ্ধার করে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক আব্দুর রাজ্জাককে মৃত ঘোষনা করেন। দূর্ঘটনায় গুরতর আহত সিফাতকে উন্নত চিকিৎসার জন্য যশোর জেনারেল হাসপাতালে পাঠানো হয়েছে। কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ মোঃ মঈন উদ্দিন ঘটনার বিষয় নিশ্চিত করেছেন।

কালীগঞ্জে গভীর রাতে আগুনে পুড়ে দোকান ছাই

কালীগঞ্জ প্রতিনিধি:

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার কাচামাল হাটার একটি দোকানে

বৈদ্যুতিক শর্টসার্কিট থেকে আগুনে দোকান পুড়ে ছাই হয়েছে। দোকান পুড়ে প্রায় ২৫ লক্ষ টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে ক্ষতিগ্রস্ত দোকানদার মিকাইল হোসেন জানিয়েছেন। সোমবার দিবাগত রাত ২টার দিকে উপজেলার কালীগঞ্জ বাজারে এ অগ্নিকাণ্ডের ঘটনাটি ঘটে।

এ বিষয়ে ঘটনার প্রত্যক্ষদর্শীরা জানান, হঠাৎ তারা মিকাইল হোসানের প্রতিষ্ঠান মিরাজ এন্টারপ্রাইজে আগুন জ্বলতে দেখেন। এবং তাৎক্ষনিক কালীগঞ্জ ফায়ার সার্ভিসকে খবর দেই। ফায়ার সার্ভির এসে স্থানীয়দের সহযোগীতায় আগুন নিয়ন্ত্রণে আনলেও ওই দোকানের মালামাল টাকা পয়সা সব আগুনে পুড়ে ছাই হয়ে যায়।

মিকাইল হোসেন জানান, তিনি ব্যাংক থেকে লোন নিয়ে একটি কোম্পানির পরিবেশকের ব্যবসা করতেন, দোকান পুড়ে যাওয়ায় এখন তিনি দিশেহারা হয়ে পড়েছেন।

সোমবার সকালে কালীগঞ্জ উপজেলা পরিবেশক সমিতির সভাপতি সদর উদ্দিন ও কালীগঞ্জ শাহজালাল ব্যাংকের ব্যাবস্থাপক হুমায়ুন কবির ঘটনাস্থল পরিদর্শন করেন।

এ বিষয়ে কালীগঞ্জ ফায়ার ষ্টেশনের দায়িত্বরত স্টেশন অফিসার শেখ মামুনুর রশিদ ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, আমরা প্রাথমিক ভাবে জানতে পারি কাচামাল হাটার একটি দোকানে আগুন লেগেছে। আমরা তৎক্ষণাৎ এসে আগুন নিয়ন্ত্রণে আনা হয়, ধরনা করা হচ্ছে বৈদ্যুতিক শর্টসার্কিট থেকে আগুনের সূত্র পাত হয়েছে।

ঝিনাইদহের মেধাবী শিক্ষার্থী শামসুন্নাহার মেডিকেলে ভর্তির দ্বায়িত্ব নিলেন মেয়র

মনিরুজ্জামান রাসেল, ঝিনাইদহ

ঝিনাইদহের কালীগঞ্জ পৌরসভার আড়পাড়া গ্রামের দর্শি শ্রমিক আব্দুল

মোমিনের মেধাবী কণ্যা শামসুন্নাহার সেফা’র মেডিকেলে ভর্তির সকল খরচের দ্বায়িত্ব নিয়েছেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সদর পৌরসভার মেয়র সাইদুল করিম মিন্টু।

সোমবার দুপুরে ঝিনাইদহ পৌরসভায় তার কার্যালয়ে সেফা’র ভর্তি খরচ বাবদ ২০ হাজার নগদ টাকা তুলে দেন তিনি।

এসময় শামসুন্নাহার সেফা ও তার পিতা আব্দুল মমিন, মাতা সুফিয়া বেগমসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।
জানা যায়, শামসুন্নাহার সেফা কালীগঞ্জের সরকারি মাহতাব উদ্দিন ডিগ্রি কলেজ থেকে এইচ এসসি পাশ করে মেডিকেল ভর্তি পরীক্ষায় এ বছর বরিশাল শেরে বাংলা মেডিকেল কলেজে ভর্তির সুযোগ পায়। পিতা দরিদ্র হওয়ায় তার ভর্তি অনিশ্চিত হয়ে পড়েছিল।

খবর পেয়ে সাইদুল করিম মিন্টু তার পরিবারকে খবর দিয়ে ভর্তির টাকা তাদের হাতে তুলে দেন। মেয়র সাইদুল করিম মিন্টু বলেন, টাকার অভাবে কারও লেখাপড়া থেমে যাবে না। আমি যতদিন আছি ততদিন দরিদ্র মেধাবীদের সহযোগিতা করে যাব। এই শামসুন্নাহার সেফা’র ভর্তির যত খরচ তা দেওয়া হবে। এছাড়াও যদি আগামীতে তার কোন সহযোগিতার প্রয়োজন হয় তাও করা হবে।

ফিলিস্তিনিদের উপর হামলার প্রতিবাদে ঝিনাইদহে মানববন্ধন

জেরুজালেম ও গাজায় ফিলিস্তিনিদের উপর ইসরায়েলী হামলা ও হত্যাকান্ডের প্রতিবাদে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।
বৃহস্পতিাবর সকালে শহরের পোস্ট অফিস মোড়ে এ কর্মসূচীর আয়োজন করে বাম গণতান্ত্রিক জোট। এতে ব্যানার ফেস্টুন নিয়ে গণতান্ত্রিক জোটের শাখার নেতৃবৃন্দ অংশ নেয়।
এসময় বক্তব্য রাখেন বাংলাদেশের কমিউনিস্ট পার্টি জেলা শাখার সাধারণ সম্পাদক কমরেড স্বপন বাগচি, সাবেক সভাপতি কমরেড কাজী ফারুক, বাংলাদেশের সমাজতান্ত্রিক দল (বাসক) জেলা সমন্বয়ক এ্যাড. আসাদুল ইসলাম আসাদ, ওয়ার্কাস পার্টি (মার্কসবাদী) জেলা শাখার

সাধারণ সম্পাদক কমরেড শাহিদুল এনাম, ইউনাইটেড কমিউনিস্ট লীগ জেলা সমন্বয়ক কমরেড মিজানুর রহমান, যুব ইউনিয়ন জেলা শাখার সভাপতি আবু তোয়াব অপু, ছাত্র ইউনিয়ন জেলা শাখার সভাপতি আরিফুল ইসলাম মিটুল, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট জেলা শাখার সভাপতি শারমিন সুলতানা। অনুষ্ঠান পরিচালনা করেন বাসদ নেতা কমরেড আসাদুর রহমান। বক্তারা কর্মসূচী থেকে ইসরায়েলী হামলা ও হত্যাকান্ডের প্রতিবাদ জানান। সেই সাথে এর বিরুদ্ধে ব্যবস্থা নিতে বিশ্বনেতাদের প্রতি আহবান জানান।

কোটচাঁদপুরে বজ্রপাতে নারীর মৃত্যু

ঝিনাইদহের কোটচাঁদপুরে বজ্রপাতে মালেকা (৩০) নামে এক নারীর মর্মান্তিক মৃত্যু হয়েছে।

মঙ্গলবার বিকাল ৪ টার দিকে উপজেলার কুশনা গ্রামের দুয়ারপাড়ায় এ ঘটনা ঘটে। নিহত মালেকা ওই গ্রামের নজীর আলীর স্ত্রী।

স্থানীয় সূত্রে জানাযায়, মঙ্গলবার বিকালে বাড়ির পাশে একটি মাঠে মালেকা ও তার স্বামী ধান মাড়ায় করছিল। স্বামী নজীর আলী ধানের বিচুলী রাখতে বাড়ি যায়। এসময় ঝড়বৃষ্টি চলাকালে বজ্রপাতে ঝলসে গিয়ে ঘটনাস্থালেই স্ত্রী মালেকা মারা যায়।

কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ মোঃ মঈন উদ্দিন ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, ঘটনাটি আমি শুনেছি। ঘটনাস্থলে স্থানীয় ক্যাম্প পুলিশ পরিদর্শন করেছে।

কালীগঞ্জে ফেনসিডিলসহ মাদক ব্যবসায়ী আটক

ঝিনাইদহের কালীগঞ্জ শহরে নতুনবাজার এলাকা ফেনসিডিলসহ টোকন বিশ্বাস (৪০) নামে এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে পুলিশ।

এ সময় তার কাছ থেকে ১০ বোতল ফেনসিডিল ও সাড়ে ৪ লিটার বোতলে রাখা লিকুইড ফেনসিডিল উদ্ধার করা হয়।

শনিবার সকাল ৯টার দিকে তাকে আটক করা হয়। আটক টোকন বিশ্বাস উপজেলার হেলায় গ্রামের মৃত. আরমান আলী বিশ্বাসের ছেলে।

কালীগঞ্জ থানার ওসি মুহা: মাহফুজুর রহমান মিয়া জানান, গোপন সংবাদের ভিত্তিতে এসআই জাকারিয়া মাসুদের নেতৃত্বে শহরের নতুন বাজার এলাকা থেকে ২ বোতল ফেনসিডিলসহ আটক করা হয় টোকন বিশ্বাসকে।

এরপর তার স্বীকারোক্তি মোতাবেক হেলায় গ্রামের আলবেরুনির বাড়িতে অভিযান চালিয়ে আরও ৮ বোতল ও সাড়ে ৪ লিটার লিকুইড ফেনসিডিল উদ্ধার করা হয়েছে। এ ঘটনায় আলবেরুনি পলাতক রয়েছে।

ঝিনাইদহে অসহায় কৃষকের ধান কেটে মেশিনে ঝেড়ে ঘরে তুলে দিল জেলা যুবলীগ

বাংলাদেশ আওয়ামী যুবলীগের চেয়ারম্যান শেখ ফজলে শামস পরশ এবং সাধারন সম্পাদক মাইনুল হাসান খান নিখিল ভাইয়ের নির্দেশিত “মানবিক যুবলীগ” কর্মসূচির অংশ হিসাবে ঝিনাইদহ জেলা আওয়ামী যুবলীগের উদ্যোগে

ঝিনাইদহে করোনার প্রাদুর্ভাবে অসহায় দরিদ্র এক কৃষকের ধান কেটে

মেশিনে ঝেড়ে ঘরে তুলে দিয়েছে যুবলীগের নেতাকর্মীরা। সদর উপজেলার ছোট কামারকুন্ডু গ্রামের কৃষক গোলাম মোস্তফার জমির ধান কেটে দেন তারা।সামাজিক দুরুত্ব বজায় রেখে কৃষক আক্কাস গোলাম মোস্তফার ২২ কাঠা জমির পাকা ধান কেটে দেন। এসময় জেলা যুবলীগের আহ্বায়ক আশফাক মাহমুদ জন, যুগ্ম-আহ্বায়ক রাশিদুর রহমান রাসেল, শফিকুল ইসলাম শিমুল ও রাজু আহমেদসহ প্রায় ৩০ জন যুবলীগের কর্মী এ কর্মসূচীতে অংশ নেয়। জমির ধান কেটে দেওয়ায় খুশি হন কৃষক গোলাম মোস্তফা।